

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৭- ২৭৫

তারিখঃ ২৯ .০৬.২০১৭ খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯), সহকারী সার্জন, দিঘাপাতিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, নাটোর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১২.০৩.২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৭-১৩৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯) গত ০৬.১০.২০১৬ খ্রিঃ থেকে ২৫.১০.২০১৬ খ্রিঃ পর্যন্ত সুইডেনে ভ্রমণ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে ২৬.১০.২০১৬ খ্রিঃ থেকে ১৫.০৪.২০১৭ খ্রিঃ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত ছিলেন মর্মে মতামত প্রকাশ করেন। একই সাথে ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯) তাঁর শারীরিক অসুস্থতার বিষয়ে অনুপস্থিতির কারণ যথাসময়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে ই-মেইলের মাধ্যমে অবহিত করেছিলেন মর্মে উল্লেখ করেছেন। ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯) চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র ও শারীরিক ফিটনেস সার্টিফিকেট দাখিল স্বাপেক্ষে ১৬.০৪.২০১৭ খ্রিঃ পূর্বাঙ্কে নিজ কর্মস্থলে যোগদান করেছেন এবং যথাথভাবে দায়িত্ব পালন করছেন;

সেহেতু, তদন্ত কর্মকর্তার মতামত, Medical treatment এর দাখিলকৃত Document অনুযায়ী অসুস্থতা জনিত কারণে অনুপস্থিতি ব্যক্তির নিয়ন্ত্রণাধীন না থাকায় সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯), সহকারী সার্জন, দিঘাপাতিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, নাটোরকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

  
(মোঃ সিরাজুল হক সান) ২৯.৩.২০১৭  
সচিব


উপ পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৭- ২৭৫/১ (৩০)

তারিখঃ ২৯ .০৬.২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, নাটোর।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নাটোর।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, নাটোর।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯), সহকারী সার্জন, দিঘাপাতিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, নাটোর।

  
২৯/০৬/২০১৭  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৫.২০১৭- ২৭২

তারিখঃ ২৯.০৬.২০১৭ খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর দায়ে ২৮.০৩.২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৫.২০১৭-১৭৩নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ১৩.০৬.২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালীর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় দৈনিক যুগান্তর পত্রিকায় গত ২৬/১১/২০১৬ খ্রিঃ প্রকাশিত "বী পায়ের পরিবর্তে ডান পায়ের রড স্থাপন" শীর্ষক খবরে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি;

সেহেতু, ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালীর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

  
(মোঃ সিরাজুল হক খান)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
ভৈজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৫.২০১৭- ২৭২/২(৮)

তারিখঃ ২৯.০৬.২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।
- ৪। যুগ্মসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।

  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)